## BDS ADMISSION TEST: 2016-2017

**01. কত সেলসিয়াস তাপমাত্রার নীচে রুই মাছ বাঁচতে পারে না?**

A. 24°C B. 16°C
C. 14°C D. 20°C

**Solve:** 14°C তাপমাত্রার নীচে রুই মাছ বাঁচতে পারে না।

**Note :** জেনে নাও রুই মাছ সম্পর্কিত কিছু তথ্য ঃ [আজমল]

- রুই মাছের বৈজ্ঞানিক নাম Labeo rohita
- রুই মাছের বায়ুথলি যোজক টিস্যুতে গঠিত
- রুই মাছের আকৃতিকে স্ট্রীমলাইন্ড বলে
- রুই মাছের বড় পোনাকে বলা হয় নলা
- রুই মাছ এক সাথে ১-৪ লক্ষ ডিম উৎপাদন করে
- রুই মাছের হৃৎপিন্ডকে শিরা হৃৎপিন্ড বলে

**02. $Ca^{+2}$ সনাক্তকরণে কোনটি ব্যবহৃত হয়?**

A. $K_2H_2Sb_2O_7$ B. $(NH_4)_2C_2O_4$
C. $AgNO_3$ D. $K_2H_4Sb_3O_7$

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ $(NH_4)_2C_2O_4$

**Note :** Visit MBBS 2016-17 সেশনের ২ নং প্রশ্নের ব্যাখ্যা

**03. ভূমিকম্প মাপার যন্ত্রের নাম কি?**

A. স্পিডোমিটার B. হাইড্রোমিটার
C. থার্মোমিটার D. সিস্মোগ্রাফ

**Solve:** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ সিস্মোগ্রাফ।

**Note :** জেনে নাও কিছু প্রয়োজনীয় যন্ত্র ও ব্যবহারঃ [বিভিন্ন লেখক]

| যন্ত্রের নাম | ব্যবহার |
|---|---|
| পাইরোমিটার | দূরবর্তী বস্তুর তাপ নির্ণয় |
| ফ্যাদোমিটার | সমুদ্রের গভীরতা নির্ণয় |
| অল্টিমিটার | উচ্চতা মাপক |
| হিপসোমিটার | থার্মোমিটারের উর্ধ্ব স্থিরাঙ্ক নির্ণয় |
| সিসমোগ্রাফ | ভূমিকম্প নির্ণয় |
| স্পিডোমিটার | বস্তুর দ্রুতি নির্ণয় |
| সনোমিটার | শব্দের কম্পাংক নির্ণয় |
| ফনোগ্রাফ | শব্দ গ্রহণ ও পুন: উৎপাদন |
| ম্যানোমিটার | গ্যাসের চাপ নির্ণয় |
| ট্যাকোমিটার | উড়োজাহাজ, মোটরগাড়ী ইত্যাদির গতি নিরুপন |

**04. শূন্যস্থানে নিম্নের কোন শব্দটি সঠিক? We shall discuss—it later.**

A. about B. in
C. on D. for

**Solve:** এখানে উত্তর Blank হবে; কেননা discuss এর পরে কোনো preposition বসে না।

**Note :** দেখে নাও কিছু প্রয়োজনীয় preposition এর ব্যবহারঃ

- Excuse from/of – ক্ষমা করা
- Excuse for – কারণ
- Exhausted with – ক্লান্ত
- Engaged to – বাগদান
- Engaged in – নিমগ্ন
- Enlist in – তালিকাভুক্ত হওয়া
- Free from – মুক্ত
- Free of – ব্যতীত
- Glance over – চোখ বুলানো
- Glance at – তাকানো
- Hanker after – লালসা
- Heir of – উত্তরাধিকারী
- Jealous of – ঈর্ষা/হিংসা
- Jeer at – ঠাট্টা করা
- Jest at – তামাশা করা
- Lament for – অনুতাপ করা
- Live on – খেয়ে বাঁচা
- Live in – বাস করা
- Meet with – সম্মুখীন হওয়া
- Need of – প্রয়োজন
- Offensive to – পীড়াদায়ক
- Owe to – ঋণী

**05. এ বছর সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন-**

A. সভেতলানা আলেক্সিয়েভিচ
B. বব ডিলান
C. এলিস মুনরো
D. প্যাট্রিক মোডিয়ানো

**06. কোন কোষ হতে পাকস্থলিতে HCl তৈরি হয়?**

A. চীফ কোষ
B. G কোষ
C. প্যারাইটাল কোষ
D. বিটা কোষ

**Solve:** প্যারাইটাল কোষ থেকে পাকস্থলিতে HCl তৈরি হয়।

**07. ল্যাবরেটরিতে যখন এসিড, ক্ষার ও বিভিন্ন বিষাক্ত পদার্থ নিয়ে কাজ করা হয়, তখন কোন ধরনের সাবধানতা অবলম্বন করা উচিত?**

A. এপ্রোন পরা
B. গগলস ব্যবহার করা
C. মাস্ক ব্যবহার করা
D. গ্লাভস ব্যবহার করা

**Solve:** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ গ্লাভস ব্যবহার করা।

**08. একটি গাড়ি স্থির অবস্থান থেকে $10\ ms^{-2}$ সমত্বরণে চলতে শুরু করল। 10 সেকেন্ড পরে এটি কত দূরত্ব অতিক্রম করবে?**

A. 10 m B. 20 m
C. 500 m D. 100 m

**Solve:**

আমরা জানি,

$$s = ut + \frac{1}{2}at^2$$

$$= 0 \times t + \frac{1}{2} \times 10 \times (10)^2$$

$$= \frac{1}{2} \times 10 \times 100$$

$$= 500$$

এখানে,
আদিবেগ, $u = 0$
ত্বরণ, $a = 10\ ms^{-2}$
সময়, $t = 10\ s$
অতিক্রান্ত দূরত্ব, $s = ?$

অতএব সঠিক উত্তর অপশন 'C'

**09. 'এটা আমার সাধ্যাতীত' বাক্যটির সঠিক ইংরেজী অনুবাদ কোনটি?**

A. This is out of my power
B. This is beyond my ability
C. This is beyond my reach
D. This is out of my function

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ This is beyond my reach. কেননা Beyond someone reach মানে কারোর সাধ্য কিংবা ক্ষমতার বাইরে চলে যাওয়া।

**10. আলেপ্পো শহর কোন দেশের অন্তর্ভুক্ত?**

A. তুরস্ক
B. ইরাক
C. ফিলিস্তিন
D. সিরিয়া

**11. Adams Apple কোথায় থাকে?**

A. স্বরযন্ত্র
B. শ্বাসনালী
C. ব্রঙ্কাস
D. ফুসফুস

**Solve:** Adams Apple থাকে স্বরযন্ত্রে।

**12. ইউরিয়া প্রস্তুতির প্রধান কাঁচামাল কোনটি?**

A. তরল বায়ু
B. তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস
C. কার্বোনাইট্রাইল
D. কার্বামেট

**Solve:** ইউরিয়া ($H_2N–CO–NH_2$) প্রস্তুতির প্রধান কাঁচামাল হলো কার্বামেট; যার সংকেত $H_2N–COONH_4$

**13. কোন কণার বিনিময়ের কারণে তড়িৎ চৌম্বকীয় বল ক্রিয়াশীল হয়?**

A. বোসন
B. ফোটন
C. মেসন
D. গ্রাভিটন

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' ফোটন।

**14. 'ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর' এই বাক্যের সঠিক ইংরেজী অনুবাদ কোনটি?**

A. Smoking is injurious for health.
B. Smoking is injurious to health.
C. Smoking is injurious on health.
D. Smoking is injurious with health.

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ Smoking is injurious to health. কেননা injurious to মানে ক্ষতিকর/স্বাস্থ্যহানিকর।

**Note :** জেনে নাও কিছু **preposition** এর ব্যবহারঃ

- Intimate with – ঘনিষ্ঠ
- Intimate to – জানানো
- Taste of – স্বাদ
- Taste for – পছন্দ
- Tired with – ক্লান্ত
- Tired of – বিরক্ত
- True to – অটল
- Trust to – নির্ভর করা
- Trust with/in – বিশ্বাস করা
- Use for/of – প্রয়োজন
- Vain of – গর্বিত
- Vest in/with – অর্পণ করা
- Vexed with – বিরক্ত
- Wait for – অপেক্ষা করা
- Wait upon – সেবা করা
- Yield to – নতি স্বীকার করা
- Zest for – অনুরাগ/ভালোলাগা
- Zeal for – উৎসাহী

**15. বর্তমানে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কে?**

A. ডেভিড ক্যামেরুন
B. জন কেরী
C. মার্গারেট থ্যাচার
D. থেরেসা মে

**16. বৃক্কের কাজ নয় কোনটি?**

A. রক্তচাপ নিয়ন্ত্রণ করা
B. অম্ল ও ক্ষারের সমতা রক্ষা করা
C. তাপ নিয়ন্ত্রণ করা
D. রক্তের আয়ন নিয়ন্ত্রণ করা

**Solve:** অপশন 'C' বৃক্কের কাজ নয়।

**17. Cl(17) এর ইলেকট্রন বিন্যাস কোনটি?**

A. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^5$
B. $1s^2 2s^2 2p^4 3s^4 3p^5$
C. $1s^2 2s^2 2p^5 3s^3 3p^5$
D. $1s^2 2s^2 2p^5 3s^4 3p^4$

**Solve:** সঠিক উত্তর অপশন 'A' অর্থ $1s^2 2s^2 2p^6 3s^2 3p^5$

**18. পয়সনের অনুপাতের সঠিক সীমা কোনটি?**

A. 1 হতে 2 এর মধ্যে
B. $-1$ হতে $\frac{1}{2}$ এর মধ্যে
C. 1 হতে +1 এর মধ্যে
D. $-\frac{1}{2}$ হতে 1 এর মধ্যে

**Solve:** পয়সনের অনুপাত, $\sigma = \frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}}$ এবং এই অনুপাতের মান $-1$ থেকে $\frac{1}{2}$ এর মধ্যে সীমাবদ্ধ।

**19. Which one is the correct active sentence of the passive form? 'Promises should be kept'**

A. You should keep your promises.
B. One should keep one's promises.
C. He should keep his promises.
D. One should keep his promises.

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ One should keep one's promises.

**Note :** দেখে নাও কিছু প্রয়োজনীয় **Voice** পরিবর্তনঃ

- Do the work
= Let the work be done
- Write the letter without any delay
= Let the letter be written without any delay
- Do not do the work
= Let not the work be done
- Do not shut the door
= Let not the door be shut

- Let me do the work
= Let the work be done by me
- Let him solve the problem
= Let the problem be solved by him
- Never tell a lie
= Let never a lie be told
- Never do this
= Let never this be done
- Buy me a pen
= Let a pen be bought for me
- Buy me a book
= Let a book be bought for me
- You may help me
= I may be helped by you
- He must do the work
= The work must be done by him
- He ran a race
= A race was run by him
- Honey tastes sweet
= Honey is tasted sweet
= Honey is sweet when it is tasted
- Have you done this?
= Has this been done by you?
- Who has broken the glass?
= By whom has the glass been broken?
- Whom is he teaching English?
= Who is being taught English by him?
- I saw him reading a book
= He was seen reading a book by me
- He killed himself
= He was killed by himself
- We made him captain
= He was elected captain by us

**20. স্বাভাবিক মূত্রের রং খড়ের রং- এর মতন হবার কারণ-**

A. ইউরিয়া B. ইউরোক্রোম
C. অ্যামোনিয়া D. বিলিরুবিন

**Solve** ইউরোক্রোম থাকার দরুণ স্বাভাবিক মূত্রের রং খড়ের রং হয়।

**Note:** জেনে নাও কিছু প্রয়োজনীয় তথ্যঃ [আজমল+আলীম]

→ বৃক্কে মূত্র তৈরি হয় এবং প্রতি মিনিটে ১ ঘন সেমি. মূত্র সৃষ্টি হয়
→ মানুষের প্রধান নাইট্রোজেন ঘটিত রেচন বর্জ্য ঃ ইউরিয়া, ইউরিক এসিড, অ্যামোনিয়া, ক্রিয়েটিনিন ইত্যাদি
→ যকৃতে ইউরিয়া তৈরি হয়
→ বিজ্ঞানী কুশনী- এর মতে মূত্র সৃষ্টির ধাপ ৩টি। যথা:
i.অতি পরিস্রাবণ
ii.নির্বাচন মূলক পুনঃশোষণ
iii.সক্রিয় ক্ষরণ
→ মানবদেহে প্রতি মিনিটে 125 $cm^3$ গ্লোমেরুলার ফিলট্রেট উৎপন্ন হয় যার 124 $cm^3$ পুনঃশোষিত হয় (৮০% প্রক্সিমাল প্যাঁচানো নালিকায়, বাকী ২০% হেনলি, ডিস্টাল প্যাঁচানো নালিকা, সংগ্রাহী নালীতে শোষিত হয়)।
→ একজন সুস্থ মানুষ প্রতিদিন ১৫০০ মিলি মূত্র ত্যাগ করে
→ বৃক্কে দৈনিক ০.৫- ২.৫ লিটার মূত্র উৎপন্ন হয়
→ ইউরোক্রোম নামক পদার্থ থাকায় মূত্র খড় বর্ণের হয়
→ মূত্রের $p^H$ মান ৬.৫ এবং আঃ গুরুত্ব ১.০১-১.৫০

**21. তড়িৎ চুম্বকীয় বলের বাহক কোনটি?**

A. ইলেকট্রন B. প্রোটন
C. ফোটন D. নিউট্রন

**Solve** তড়িৎ চুম্বকীয় বলের বাহক হচ্ছে ফোটন।

**22. মানুষের কপাল কোন অস্থি দিয়ে তৈরি হয়?**

A. অক্সিপিটাল B. ফ্রন্টাল
C. প্যারাইটাল D. টেমপোরাল

**Solve** মানুষের কপাল ফ্রন্টাল অস্থি দিয়ে তৈরি।

**23. একটি এনার্জি বাল্বের গায়ে 220 V – 20 W লেখা আছে। বাল্বটির ভেতর দিয়ে তড়িৎ প্রবাহ কত?**

A. $\frac{3}{30}$ A B. $\frac{1}{11}$ A
C. $\frac{1}{5}$ A D. $\frac{5}{11}$ A

**Solve**

আমরা জানি,
$$P = VI$$
$$\Rightarrow I = \frac{P}{V} = \frac{20}{220}$$
$$\therefore I = \frac{1}{11} A.$$

এখানে,
ক্ষমতা, P = 20W
বিভব, V = 220 V
তড়িৎ প্রবাহ, I = ?

অতএব সঠিক উত্তর অপশন 'B'।

**24. সিসাময়েড অস্থি কোনটি?**

A. পর্শুকা B. প্যাটেলা
C. কিউবয়েড D. টিবিয়া

**Solve** প্যাটেলা অস্থি পেশির টেন্ডন থেকে উৎপন্ন হয় এবং এটি একটি সিসাময়েড অস্থি।

**25. পর্যায় সারণীর p- ব্লকের মৌল সমূহকে বলা হয়-**

A. মৃৎক্ষার মৌল
B. প্রতিরূপী মৌল
C. ভারী ধাতু
D. অবস্থান্তর মৌল

**Solve** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ প্রতিরূপী মৌল।

**Note :** Visit MBBS→ 2016 – 2017 সেশনের ৩০ নং প্রশ্নের ব্যাখ্যা

**26. উন্মুক্ত হাড়ভাঙ্গার অপর নাম-**

A. সাধারণ হাড়ভাঙ্গা
B. যৌগিক হাড়ভাঙ্গা
C. জটিল হাড়ভাঙ্গা
D. কয়েক টুকরা বিশিষ্ট হাড়ভাঙ্গা

**Solve** উন্মুক্ত হাড়ভাঙ্গার অপর নাম হলো যৌগিক হাড়ভাঙ্গা।

**27. ফ্লেমিং এর বাম হস্ত সূত্রে, বাম হাতের মধ্যমা কি নির্দেশ করে?**

A. চৌম্বক ক্ষেত্র
B. তড়িৎ প্রবাহ
C. বল
D. চুম্বকের দিক

**Solve** ফ্লেমিং এর বাম হস্ত সূত্রে বাম হাতের মধ্যমা → তড়িৎ প্রবাহ, তর্জনী → চৌম্বক ক্ষেত্র, বৃদ্ধাঙ্গুলী → বলের দিক নির্দেশ করে।

**28. যুক্তরাষ্ট্রে এ বছর প্রেসিডেন্ট নির্বাচন কবে হবে?**

A. ৮ই নভেম্বর, ২০১৬ B. ১২ই নভেম্বর ২০১৬
C. ১৫ই ডিসেম্বর ২০১৬ D. ৩১শে ডিসেম্বর ২০১৬

**29. সেরেব্রামের দুটি খণ্ডকের সংযোগকারী স্নায়ু গুচ্ছের নাম-**

A. কর্পাস অ্যালবিকান্স B. কর্পাস অ্যাট্রেটিকাম
C. কর্পাস ক্যালোসাম D. কর্পাস লুটিয়াম

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ কর্পাস ক্যালোসোম।

**30. নীচের এসিডগুলোর মধ্যে কোনটি 'পাইরো' এসিড?**

A. $HClO_4$ B. $H_3PO_3$
C. $H_2SO_4$ D. $H_2S_2O_7$

**Solve:** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ $H_2S_2O_7$

**31. পাকস্থলীতে কোন করোটিক স্নায়ুর কার্যক্রম বিদ্যমান?**

A. অপটিক B. অডিটরি
C. ভেগাস D. অকুলোমোটর

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ ভেগাস ।

**32. ঢাকা শহরের বিনতি (δ) কত?**

A. 21°N B. 13°N
C. 31°N D. 31°S

**Solve:** ঢাকা শহরের বিনতি (δ) হলো 31°N.

**33. 'Love' শব্দের সঠিক antonym নিম্নের কোনটি?**

A. dislike B. intolerant
C. hate D. abhor

**Solve:** Love শব্দটির অর্থ হলো ভালোবাসা, স্নেহ করা; অপরদিকে Hate শব্দটির অর্থ ঘৃণা করা। সুতরাং সঠিক উত্তর অপশন 'C'

**34. রক্তে $Na^+$ ও $K^+$ এর সমতা রক্ষা করে কোন হরমোন?**

A. ইনসুলিন B. গ্লুকাগন
C. এড্রেনালিন D. অ্যালডোস্টেরন

**Solve:** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ অ্যালডোস্টেরন।

**35. কোনটি পোলার অণু?**

A. $CH_4$ B. $CCl_4$
C. $H_2O$ D. HCl

**Solve:** আমরা জানি, সমযোজী যৌগের অন্তর্গত মৌলের তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য 0.5–1.7 এর মধ্যে হলে যৌগটি পোলার হয় অর্থাৎ যৌগটির দুই প্রান্তে দুইটি বিপরীত চার্জ/মেরুর সৃষ্টি হয়। যেহেতু $H_2O$ যৌগে H ও O এর মধ্যকার তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য 1.4 [3.5(O) –2.1(H) = 1.4]; সুতরাং $H_2O$ একটি পোলার যৌগ। তেমনি HClও একটি পোলার যৌগ।

**36. মানব দেহের সর্ববৃহৎ অঙ্গ কোনটি?**

A. যকৃত B. ত্বক
C. মস্তিষ্ক D. প্লীহা

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ ত্বক। উল্লেখ্য যে, মানব দেহের সর্ববৃহৎ গ্রন্থি এবং মানবদেহের অভ্যন্তরের সবচেয়ে বড় অঙ্গ হচ্ছে যকৃত।

**Note :** জেনে নাও নিচের তথ্যগুলোঃ [বিভিন্ন লেখক]

→ মানবদেহের সর্বাপেক্ষা বড় গ্রন্থি → যকৃত (Liver)
→ মানবদেহের লসিকা তন্ত্রের সর্বাপেক্ষা বড় গ্রন্থি → প্লীহা।
→ মানবদেহের সর্বাপেক্ষা বড় অন্তঃক্ষরা গ্রন্থি → থাইরয়েড।
→ মানবদেহের সর্বাপেক্ষা ছোট গ্রন্থি → পিটুইটারী গ্রন্থি।
→ মানবদেহের সর্বাপেক্ষা বড়/ দীর্ঘতম অস্থি → ফিমার।
→ মানবদেহের সর্বাপেক্ষা ছোট/ক্ষুদ্রতম অস্থি → স্টেপিস।
→ মানবদেহের সর্বাপেক্ষা কঠিনতম বস্তু → দাঁতের এনামেল।
→ মানবদেহের দীর্ঘতম পেশী → সারটোরিয়াস।
→ মানবদেহের ক্ষুদ্রতম পেশী → স্টেপিডিয়াস।
→ মানবদেহের সর্বাপেক্ষা বড় স্নায়ু → ট্রাইজেমিনাল স্নায়ু।
→ মানবদেহের সর্বাপেক্ষা ছোট স্নায়ু → অলফ্যাক্টরী স্নায়ু।
→ মানুষের মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ → সেরেব্রাম।
→ মানুষের মস্তিষ্কের বৃহৎ অংশ → অগ্র মস্তিষ্ক।
→ মানবদেহের সবচেয়ে ক্ষুদ্রতম অ্যান্টিবডি → IgG

**37. –4 ডায়পটার লেন্সের ক্ষেত্রে কোনটি সঠিক?**

A. উত্তল লেন্স, $f = +25$ cm
B. অবতল লেন্স, $f = -25$ cm
C. অবতল লেন্স, $f = +25$ cm
D. উত্তল লেন্স, $f = +25$ cm

**Solve:** আমরা জানি, লেন্সের ক্ষমতা, $P = \frac{1}{f}$

$$\Rightarrow f = \frac{1}{P} = \frac{1}{-4} \text{ m}$$
$$= -25 \text{ cm}$$

সুতরাং লেন্সটি হচ্ছে অবতল লেন্স এবং ফোকাস দূরত্ব, $f = -25$ cm

**38. Which one is the correct sentence given below:**

A. I neither eat mangoes nor bananas.
B. I eat mangoes neither bananas nor.
C. I eat neither mangoes nor bananas.
D. Neither I eat mangoes nor I eat bananas.

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ I eat neither mangoes nor bananas.

**39. নিষ্ক্রিয় ভ্যাক্সিন কোনটি?**

A. পোলিও ভ্যাক্সিন
B. টিটেনাস ভ্যাক্সিন
C. হেপাটাইটিস B ভ্যাক্সিন
D. হিউম্যান প্যাপিলোমা ভাইরাস ভ্যাক্সিন

**Solve:** সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ পোলিও ভ্যাক্সিন।

**Note :** জেনে নাও ভ্যাক্সিন সম্পর্কিত কিছু তথ্যঃ [আজমল]

→ উৎপাদনের ধরনের ভিত্তিতে ভ্যাক্সিন ৫ প্রকার। যথা
  i. নিষ্ক্রিয় : ইনফ্লুয়েঞ্জা, কলেরা, পোলিও, হেপাটাইটিস A , র‍্যাবিস ইত্যাদি রোগের ভ্যাক্সিন
  ii. শক্তি-হ্রাস : মিজলজ (হাম), মাম্পস, পানি বসন্ত, টাইফয়েড প্রভৃতি রোগের ভ্যাক্সিন
  iii. টক্সোয়েড : টিটেনাস (ধনুষ্টংকার), ডিপথেরিয়া প্রভৃতির ভ্যাক্সিন
  iv. সাবইউনিট : হেপাটাইটিস B, হিউম্যান প্যাপিলোমা ভাইরাস ভ্যাক্সিন
  v. কনজুগেট : হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ B (Hib) ভ্যাক্সিন
→ ড. এডওয়ার্ড জেনার ১৭৯৬ সালে সর্বপ্রথম গুটি বসন্তের ভ্যাক্সিন আবিষ্কার করেন
→ MMR হচ্ছে একটি মিশ্র ভ্যাক্সিন যা Measles, Mumps, Rubella এই তিনটি রোগের ভ্যাক্সিন
→ DPT ভ্যাক্সিন ডিপথেরিয়া, টিটেনাস (ধনুষ্টংকার) ও পারটাসিস (হুপিংকাশি) রোগের জন্য ব্যবহৃত হয়; এটিও একটি মিশ্র ভ্যাক্সিন

**40. $H_2NCONH_2 + H_2O \xrightarrow{\text{প্রভাবক}} 2NH_3 + CO_2$ বিক্রিয়ায় কোন জৈব প্রভাবকটি ব্যবহৃত হয়েছে?**

A. অক্সিজিনেজ B. অ্যানহাইড্রেস
C. জাইমেস D. ইউরিয়েস

**Solve** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ ইউরিয়েস।

**41. নিচের কোন অঙ্গের কোষে মাইটোকন্ড্রিয়ার উপস্থিতি বেশি থাকে?**

A. ত্বক B. পাকস্থলী
C. যকৃত D. চোখ

**Solve** যকৃতে মাইটোকন্ড্রিয়ার উপস্থিতি সবচেয়ে বেশি এবং সংখ্যা প্রায় ১০০০ বা ততোধিক।

**Note :** জেনে নাও মাইটোকন্ড্রিয়া সম্পর্কিত কিছু তথ্যঃ [হাসান+আজিবুর]

→ ১৮৫০ সালে বিজ্ঞানী কলিকার মাইটোকন্ড্রিয়া আবিষ্কার করেন, ১৮৯৪ সালে অল্টম্যান মাইটোকন্ড্রিয়ন এর উপস্থিতি লক্ষ্য করেন এবং ১৮৯৮ সালে কার্ল বেন্ডা মাইটোকন্ড্রিয়া নামকরণ করেন।
→ এটি কোষের 'পাওয়ার হাউস বা শক্তিঘর' নামে পরিচিত।
→ প্রতিটি মাইটোকন্ড্রিয়ার দৈর্ঘ্য সাধারণত 0.3-40.0 মাইক্রন তবে বৃত্তাকার মাইটোকন্ড্রিয়ার ব্যাস 0.2-2.0 মাইক্রন, সূত্রাকার মাইটোকন্ড্রিয়ার দৈর্ঘ্য 40-70 মাইক্রন, দন্ডাকার মাইটোকন্ড্রিয়ার দৈর্ঘ্য 9 মাইক্রন এবং প্রস্থ 0.5 মাইক্রন।
→ মাইটোকন্ড্রিয়াতে 65% প্রোটিন, 29% গ্লিসারাইডসমূহ, 4% লেসিথিন ও সেফালিন, 2% কোলেস্টেরল রয়েছে [65% প্রোটিন, 25-30% লিপিড, 0.5% RNA ও সামান্য DNA থাকে]।
→ লিপিডের মধ্যে 90% ফসফোলিপিড এবং 10% ফ্যাটি এসিড, ক্যারোটিনয়েড ও ভিটামিন- E বিদ্যমান [লিপিডের মধ্যে ৯০% ফসফোলিপিড, 5% কোলেস্টেরল, খনিজ ধাতব আয়ন ($Ca^{2+}$, $Mg^{2+}$, $Mn^{2+}$, $Ag^{+}$) ও ভিটামিন ($B_6$ $B_{12}$, K, E) থাকে]।
→ এতে প্রায় 100 প্রকারের এনজাইম ও কো-এনজাইম রয়েছে।
→ এতে 0.5% RNA থাকে
→ মাইটোকন্ড্রিয়ার অভ্যন্তরের অনিয়মিত ভাঁজকে ক্রিস্টি বলে।
→ কোষ আয়তনের প্রায় 20 ভাগ হলো মাইটোকন্ড্রিয়া।
→ গড়ে প্রতি কোষে এদের সংখ্যা 300-400, যকৃত কোষে 1000 বা ততোধিক, উচ্চ শ্রেণির উদ্ভিদ কোষে 100-2000
→ মাইটোকন্ড্রিয়া সাধারণত আবরণী বা পর্দা, প্রকোষ্ঠ, ক্রিস্টি, অক্সিসোম, ATP-Synthases ও ETC, DNA ও রাইবোসোম নিয়ে গঠিত।
→ মাইটোকন্ড্রিয়াতে 70S ধরনের রাইবোসোম থাকে।
→ এর দুটি পর্দা বা আবরণীর মাঝে 6-8 nm ফাঁকা স্থান থাকে।

★ কাজঃ

i. ক্রেবস চক্র, ইলেক্ট্রন ট্রান্সপোর্ট, অক্সিডেটিভ ফসফোরাইলেশন সম্পন্ন করা
ii. প্রোটিন সংশ্লেষ ও স্নেহ বিপাকে সাহায্য করা।
iii. Ca, K প্রভৃতি পদার্থের সক্রিয় পরিবহনে সহায়তা।
iv. শ্বসনের জন্য প্রয়োজনীয় এনজাইম, কো-এনজাইম প্রভৃতি ধারণ করা।
v. নিজস্ব DNA, RNA উৎপন্ন করা এবং বংশগতিতে ভূমিকা রাখা।
vi. প্রোটিন সংশ্লেষ ও স্নেহ বিপাকে সাহায্য করা।
vii. শুক্রাণু ও ডিম্বাণু গঠনে অংশগ্রহণ করা।
viii. কোষের বিভিন্ন অংশে ক্যালসিয়াম আয়নের সঠিক ঘনত্ব রক্ষা করা
ix. কোষের পূর্বনির্ধারিত মৃত্যু (apoptosis) নিয়ন্ত্রণ করা।
x. রক্ত কণিকা ও হরমোন উৎপাদনে সহায়তা করা।
xi. এতে বিভিন্ন ধরনের ক্যাটায়ন, যেমন- $Ca^{2+}$, $S^{2+}$, $Fe^{2+}$, $Mn^{2+}$ ইত্যাদি সঞ্চিত রাখা।

**42. নীচের কোন পদার্থটি সেমিকন্ডাক্টর বা অর্ধপরিবাহী ?**

A. কাঁচ B. কাঠ
C. লোহা D. সিলিকন

**Solve** সিলিকন হচ্ছে সেমিকন্ডাক্টর বা অর্ধপরিবাহী।

**43. 'আমার উপর রাগ করো না' বাক্যটির সঠিক ইংরেজী অনুবাদ হলো-**

A. Do not be angry with me.
B. Do not be angry upon me.
C. Do not be angry for me.
D. Do not be angry on me.

**Solve** Angry শব্দটির সাথে preposition হিসেবে with বসলে কারো প্রতি/উপর রাগান্বিত হওয়া বুঝায়। সুতরাং সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ Do not be angry with me.

**44. নিচের কোনটির ক্রোমোজোমের সংখ্যা সঠিক নয়?**

A. ধান-22 B. মানুষ-46
C. গিনিপিগ-64 D. গৃহমাছি-12

**Solve** অপশন 'A' সত্য নয়; কারণ ধানের ক্রোমোজোম সংখ্যা 24.

**Note :** নিচের ব্যাখ্যাটি জেনে রাখঃ [হাসান+আজিবুর]

| উদ্ভিদের নাম | বৈজ্ঞানিক নাম | ক্রোমোসোম সংখ্যা (2n) | প্রাণীর নাম | বৈজ্ঞানিক নাম | ক্রোমোসোম সংখ্যা (2n) |
|---|---|---|---|---|---|
| ধান | *Oryza sativa* | 24 | মানুষ | *Homo sapiens* | 46 |
| গম | *Triticum aestivum* | 42 | গরু | *Boss indica* | 60 |
| ভুট্টা | *Zea mays* | 20 | ছাগল | *Capra hircus* | 60 |
| পিঁয়াজ | *Allium cepa* | 16 | কবুতর | *Columba livia* | 80 |
| শসা | *Cucumis sativus* | 14 | সোনাব্যাঙ | *Rana pipiens* | 26 |
| গোল আলু | *Solanum tuberosum* | 48 | খরগোশ | *Oryctolagus cuniculus* | 44 |
| টমেটো | *Lycopersicon esculentum* | 24 | গরিলা | *Gorilla gorilla* | 48 |
| তামাক | *Nicotiana tabacum* | 28 | গিনিপিগ | *Cavia porcellus* | 64 |
| পেঁপে | *Carica papaya* | 18 | গৃহমাছি | *Musca domestica* | 12 |
| বাঁধাকপি | *Brassica oleracea* | 18 | ফলের মাছি | *Drosophila melanogaster* | 08 |
| পাট | *Corchorus capsularis* | 14 | কিউলেক্স মশা | *Culex pipiens* | 06 |
| চীনাবাদাম | *Arachis hypogaea* | 40 | কেঁচো ক্রিমি/ গোল ক্রিমি | *Ascaris megalocephala* | 2 |
| মূলা | *Raphanus Sativus* | 18 | রেডিওলারিয়া/ Aulacantha জাতীয় প্রাণী | --------- | 1600 |
| সপুষ্পক | *Haplopappus gracilis* | 4 | রেশম পোকা | *Bombyx mori* | 46 |
| ফার্ণ | *Ophioglossum reticulatum* | 1200 | | | |

**45. বিশুদ্ধ পানিতে ($H^+$) এর মান কত?**

A. $10^6$ mol/L B. $10^{-4}$ mol/L
C. $10^{-7}$ mol/L D. $10^7$ mol/L

**Solve** বিশুদ্ধ পানিতে $[H^+]$ এর মান হলো $10^{-7}$ mol/L; কেননা বিশুদ্ধ পানিতে $p^H = 7$.

**46. কোন বর্ণের রশ্মিকে মধ্য রশ্মি বলা হয়?**
A. হলুদ
B. নীল
C. সবুজ
D. কমলা

**Solve** হলুদ বর্ণের রশ্মিকে মধ্য রশ্মি বলে। কারণ এর বিচ্যুতি লাল ও বেগুনী বর্ণের মাঝামাঝি।

**47. 'তুমি শুনিতে চেও না আমার মনেরও কথা'- এই গানটির রচয়িতা কে?**
A. রবীন্দ্রনাথ ঠাকুর
B. দ্বিজেন্দ্রলাল রায়
C. কাজী নজরুল ইসলাম
D. রজনীকান্ত সেন

**Solve** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ কাজী নজরুল ইসলাম।

**48. জিকা ভাইরাস মানুষের দেহে সংক্রমিত হয় কোন বাহকের মাধ্যমে?**
A. এডিস মশক
B. এডিস মশকী
C. অ্যানোফিলিস মশক
D. অ্যানোফিলিস মশকী

**Solve** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ এডিস মশকী।

**49. 5% NaOH এর 1000 ml দ্রবণে কত গ্রাম NaOH থাকে?**
A. 5 g B. 25 g
C. 40 g D. 50 g

**Solve** NaOH এর পরিমাণ $= \frac{\% \times 1000}{100}$

$= \frac{5 \times 1000}{100}$

$= 50$ g

∴ সঠিক উত্তর অপশন 'D'

**50. তাপগতিবিদ্যার প্রথম সূত্র কোন দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে?**
A. বল ও শক্তি
B. কাজ ও শক্তি
C. তাপ ও বল
D. তাপ ও কাজ

**Solve** তাপগতিবিদ্যার প্রথম সূত্রটি হলো- 'যখন কাজ সম্পূর্ণভাবে তাপে বা তাপ সম্পূর্ণভাবে কাজে রূপান্তরিত হয় তখন কাজ ও তাপ পরস্পরের সমানুপাতিক হয়।' অর্থাৎ W পরিমাণ কাজ সম্পূর্ণভাবে তাপে পরিণত হলে যদি Q পরিমাণ তাপ উৎপন্ন হয় তবে তাপগতিবিদ্যার প্রথম সূত্রানুসারে $W \propto Q$ . সুতরাং বলা যায়, তাপগতিবিদ্যার প্রথম সূত্রটি তাপ ও কাজ দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে।

**51. 'Only an honest man is happy' Its negative form without any change of the meaning is –**
A. An honest man is not only happy.
B. None but an honest man is happy.
C. No honest man is unhappy.
D. An honest man is not happy only.

**Solve** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ None but an honest man is happy.

**Note** : দেখে নাও Transformation এর ক্ষেত্রে Affirmative থেকে Negative করার কিছু নিয়মঃ

| Affirmative -এ যদি থাকে | Negative- এ হবে | Example |
|---|---|---|
| Only/Alone (ব্যক্তি/বস্তু নির্দেশ) | → None but (Allah, God, Person থাকলে) → Nothing but (বস্তু থাকলে) | 1. Only he can solve the problem = None but he can solve the problem 2. I like only milk = I like nothing but milk |
| Only (সংখ্যা নির্দেশ) | Not more than অথবা Not less than | 1. I am only five years old = I am not more than five years old |
| Must | → Can not but → Can not help (verb + ing) | 1. We must do the work = We can not but do the work = We can not help doing the work |
| Every | There is no....but...... | 1. Every mother loves her child = There is no mother but loves her child = There is no mother who does not love her child. |
| Both.....and অথবা and | Not only...but also | 1. Both Shilpa and Nella are good friends = Not only Shila but also Neela are good friends |
| As soon as | No sooner had....than | 1. As soon as he reached the station, the train left = No sooner had he reached the station than the train left. |
| Never | Always (অবশ্যই verb, Adjective এর বিপরীতার্থক বসবে) | 1. Always speak the truth = Never tell a lie 2. He always forgets things = He never can remember things |

**52. যৌন বাহিত রোগের জন্য দায়ী কোন ব্যাকটেরিয়া?**
A. *Vibrio cholerae*
B. *Clostridium tetani*
C. *Diplococcus pneumonae*
D. *Chlamydia trachomatis*

**Solve** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ *Chlamydia trachomatis.*

**Note** : কয়েকটি যৌনবাহিত রোগ ও কারণঃ

| যৌনবাহিত রোগ | | দায়ী ব্যাকটেরিয়া/ভাইরাস |
|---|---|---|
| সিফিলিস | ----- | Treponema pallidum ব্যাকটেরিয়া |
| গনোরিয়া | ----- | Neisseria gonorrhoeae ব্যাকটেরিয়া |
| এইডস | ----- | HIV ভাইরাস |

**53. কোল্ড ক্রিম প্রস্তুতিতে লুব্রিকেন্ট হিসেবে ব্যবহৃত হয় কোনটি?**
A. তরল প্যারাফিন B. গ্লিসারিন
C. প্রোপাইল প্যারাফিন D. মোম

**Solve** সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ তরল প্যারাফিন।

**54. কার্নো চক্রের প্রথম ধাপের ক্ষেত্রে নীচের কোনটি সঠিক?**
A. তাপমাত্রা বৃদ্ধি পায় B. অন্তঃস্থ শক্তি হ্রাস পায়
C. তাপমাত্রা স্থির থাকে D. তাপের বিকিরণ হয়

**Solve** সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ তাপমাত্রা বৃদ্ধি পায়।

**55. প্রতিটি ক্রেবস চক্রে কতগুলো ATP উৎপন্ন হয়?**

A. 24 টি B. 28 টি
C. 12 টি D. 16 টি

**Solve:** নিচের ব্যাখ্যাটি লক্ষ্য করঃ
→ প্রতিটি ক্রেবস চক্রে ২৪টি ATP উৎপন্ন হয়।
→ প্রতিটি সবাত শ্বসনে ৩৮টি ATP উৎপন্ন হয়।
→ প্রতিটি অবাত শ্বসনে ২টি ATP উৎপন্ন হয়।

**56. জৈব যৌগের কার্যকরীমূলক সনাক্তকরণে বর্ণালীমিতির সর্বোত্তম কোনটি?**

A. UV B. IR
C. NMR D. MASS

**Solve:** জৈব যৌগের কার্যকরীমূলক সনাক্তকরণে বর্ণালীমিতির সর্বোত্তম পদ্ধতি হলো IR পদ্ধতি।

**57. প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্রের উদাহরণ কোনটি?**

A. নিউটনের দূরবীক্ষণ যন্ত্র B. জ্যোতিষ দূরবীক্ষণ যন্ত্র
C. ভূ-দূরবীক্ষণ যন্ত্র D. গ্যালিলিও দূরবীক্ষণ যন্ত্র

**Solve:** সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ নিউটনের দূরবীক্ষণ যন্ত্র।

**Note:** দেখে নাও বিভিন্ন প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্রের উদাহরণঃ [ইসহাক]
- প্রতিফলক দূরবীক্ষণ যন্ত্র:
  ১. নিউটনের দূরবীক্ষণ যন্ত্র।
  ২. গ্রেগরীর দূরবীক্ষণ যন্ত্র।
  ৩. হারসেলের দূরবীক্ষণ যন্ত্র।
- প্রতিসরণ দূরবীক্ষণ যন্ত্র:
  ১. নভো বা জ্যোতিষ দূরবীক্ষণ যন্ত্র।
  ২. ভূ-দূরবীক্ষণ যন্ত্র।
  ৩. গ্যালিলীয় দূরবীক্ষণ যন্ত্র।

**58. আজ ৪ঠা নভেম্বর ২০১৬। আজকের দিনটি বাংলা ১৪২৩ সনের কোন মাসের কত তারিখ?**

A. ২০শে আশ্বিন B. ১০ই কার্তিক
C. ২০শে কার্তিক D. ১৫ই অগ্রহায়ণ

**Solve:** প্রশ্নটি পরিবর্তনশীল হলেও তারিখটি নির্দিষ্ট। অর্থাৎ ২০১৬ সালের ৪ঠা নভেম্বর ছিল বাংলা ১৪২৩ সনের ২০শে কার্তিক।

**59. আর্মাডিলো প্রাণীটির উপস্থিতি কোন মহাদেশে পাওয়া যায়?**

A. ইউরোপ B. দক্ষিণ আমেরিকা
C. আফ্রিকা D. উত্তর আমেরিকা

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ আফ্রিকা।

**60. জিপসামের রাসায়নিক সংকেত কোনটি?**

A. $ZnSO_4 7H_2O$ B. $CaSO_4.5H_2O$
C. $CaSO_4.2H_2O$ D. $ZnSO_4.2H_2O$

**Solve:** জিপসামের রাসায়নিক সংকেত হলো: $CaSO_4.2H_2O$

**Note:** জেনে নাও আরও কিছু প্রয়োজনীয় সংকেতঃ [বিভিন্ন লেখক]

| নাম | রাসায়নিক সংকেত |
|---|---|
| অরপিমেন্ট | $As_2S_3$ |
| অলিয়াম | $H_2S_2O_7$ |
| অ্যাক্রোলিন | $H_2C = CH - CHO$ |
| অ্যানিসোল | $C_6H_5 - O - CH_3$ |
| দার্শনিকের লবণ | $SO_3$ |
| পটাস অ্যালাম/ফিটকিরি | $[K_2SO_4.Al_2(SO_4)_3.24H_2O]$ |
| পাইরিন | $CCl_4$ |
| প্লাস্টার অব প্যারিস | $(CaSO_4)_2.H_2O$ |
| ফ্লুরস্পার | $CaF_2$ |
| বোরাক্স | $Na_2B_4O_7.10H_2O$ |
| মিউরেট অব পটাশ | $KCl$ |
| লিথোফোন | $[ZnS + BaSO_4]$ |
| সবুজ ভিট্রিওল | $FeSO_4.7H_2O$ |
| সাদা ভিট্রিওল | $ZnSO_4.7H_2O$ |
| সাকসিনিক এসিড | $HOOC-CH_2-CH_2-COOH$ |
| সোডা স্ফটিক/কাপড় কাঁচা সোডা | $Na_2CO_3.10H_2O$ |

**61. 980 N ওজনের একটি বস্তুকে 1 $ms^{-2}$ ত্বরণ দিতে কত বল প্রয়োগ করতে হবে?**

A. 100 N B. 10 N C. 50 N D. 1000 N

**Solve:**

আমরা জানি,
$$F = ma$$
$$\Rightarrow F = \frac{w}{g} \times a$$
$$= \frac{980}{9.8} \times 1$$
$$= 100N$$

এখানে,
ওজন, w = ভর (m) × অভিকর্ষজ ত্বরণ (g)
বল, F = ?

∴ অতএব সঠিক উত্তর অপশন 'A'

**62. প্রকৃত ফল (True fruit) নয় কোনটি?**

A. লিচু B. আম
C. কাল জাম D. আপেল

**Solve:** আপেল প্রকৃত ফল নয়; কারণ- এটি গর্ভাশয় ব্যতীত অন্য কোনো অংশ থেকে উৎপন্ন হয়।

**63. ETP কী?**

A. বায়ু দূষণ অপসারণ
B. পানি দূষণ প্রক্রিয়া
C. শিল্পের তরল বর্জ্য দূষণমুক্ত করা
D. পরিবেশ দূষণমুক্ত করা

**Solve:** ETP এর পূর্ণ রূপ হচ্ছে Effluent Treatment plant; যার প্রধান কাজ হচ্ছে শিল্পের তরল বর্জ্য দূষণমুক্ত করা।

**64. সৌর চুল্লীতে ভাত রান্না করলে, কোন শক্তি তাপশক্তিতে রূপান্তরিত হয়?**

A. যান্ত্রিক শক্তি B. শব্দ শক্তি
C. রাসায়নিক শক্তি D. আলোক শক্তি

**Solve:** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ আলোক শক্তি।

**65. Kuffer's cell থাকে কোথায়?**

A. প্লীহা B. মস্তিষ্ক
C. যকৃত D. অগ্ন্যাশয়

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ যকৃত।

**Note:** বিভিন্ন কোষ/গ্রন্থি/নালীর অবস্থানঃ [আজমল+আলীম]

| কোষ/গ্রন্থি/নালী | অবস্থান |
|---|---|
| গবলেট ও শোষণক্ষম কোষ পাওয়া যায় | ক্ষুদ্রান্ত্রে |
| সার্টলী ও লিডিগ কোষ পাওয়া যায় | শুক্রাশয়ে |
| পারকিনজি কোষ পাওয়া যায় | মস্তিষ্কে |
| আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স পাওয়া যায় | অগ্ন্যাশয়ে |
| গ্যাস্ট্রিক গ্রন্থি থাকে | পাকস্থলীতে |
| বোম্যান্স ক্যাপসুল/গোমেরুলাস/বৃক্কনালী থাকে | বৃক্কে |
| Basket cell থাকে | লালাগ্রন্থিতে |
| সেমিনিফেরাস নালিকা থাকে | শুক্রাশয়ে |

**66. দুটি গ্যাসের গড় গতিশক্তি কখন সমান হয়, যদি-**

A. চাপ সমান হয়
B. আণবিক ভর সমান হয়
C. তাপমাত্রা সমান হয়
D. আয়তন সমান হয়

**Solve** আমরা জানি, গ্যাসের গড় গতিশক্তি, $E = \frac{3}{2} \times KT$ ; এখানে K = বোল্টজম্যান ধ্রুবক যার মান ধ্রুবক। সুতরাং E এর মান কেবল তাপমাত্রার (T) উপর নির্ভর করে। আর তাই বলা যায়, দুটি গ্যাসের তাপমাত্রা সমান থাকলে তাদের গড় গতিশক্তি সমান হয়।

**67. Fill up the blank with an appropriate preposition given below:**
**'Are you blind–your own interests?'**

A. of B. for
C. to D. by

**Solve** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ to.

**Note : দেখে নাও কিছু প্রয়োজনীয় preposition এর ব্যবহারঃ**

- Blind of – অন্ধ
- Blind to – উদাসীন
- Born to – জন্মগ্রহণ করা
- Born of – জাত অর্থে
- Born to – জন্ম দেয়া
- Burst into – কান্নায় ভেঙ্গে পড়া
- Burst out – হাসিতে ফেটে পড়া

**68. একটি হৃদপিন্ডে প্রতি মিনিটে 80 বার হৃদকম্পন হয়, তাহলে হৃদচক্রের স্থায়ীত্ব কত?**

A. 0.60 সেকেন্ড B. 0.75 সেকেন্ড
C. 7.50 সেকেন্ড D. 0.80 সেকেন্ড

**Solve** আমরা জানি,

$$\text{হৃৎচক্র/কার্ডিয়াক চক্র} = \frac{\text{সময়}}{\text{হৃদ কম্পন সংখ্যা}} = \frac{৬০}{৮০} = 0.75 \text{ সেকেন্ড}$$

**69. Acid Rain –এ কোন এসিড থাকে?**

A. $H_2SO_4$ ও HCl B. $H_2SO_4$ ও $HNO_3$
C. $H_2SO_4$ ও $H_2CO_3$ D. $HNO_3$ ও HCl

**Solve** এসিড বৃষ্টি বা Acid Rain- এ মূলত $H_2SO_3$, $H_2SO_4$, $HNO_3$ -এ ৩টি এসিড থাকে।

**70. 'He is fond of playing cricket'. Here 'playing' is a-**

A. noun clause B. gerund
C. verb phrase D. irregular verb

**Solve** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ gerund. কেননা আমরা জানি Gerund (Verb + ing) একই সাথে Noun এবং Verb এর কাজ করে। প্রশ্নে উল্লেখিত বাক্যটিতে 'Playing' মূলত preposition এর object হয়ে Gerund হিসেবে ব্যবহৃত হয়েছে।

**71. করোনারি ধমনী সরু হয়ে যাওয়া নির্ণয়ে ব্যবহৃত হয় কোন পরীক্ষা?**

A. ইকোকার্ডিওগ্রাম B. এনজিওগ্রাম
C. ইটিটি D. ইসিজি

**Solve** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ এনজিওগ্রাম।

**72. মাইলার নামক প্লাষ্টিক ফিল্ম বা রেকর্ডিং টেপ তৈরি হয় কোথা থেকে?**

A. নাইলন B. টেফলন
C. ডেক্রোন D. টেরিলিন

**Solve** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ ডেক্রোন। উল্লেখ্য যে, ডেক্রোন এর অপর নাম টেরিলিন। ডাইকার্বক্সিলিক এসিড ও ইথিলিন গ্লাইকল এসিড প্রভাবকের উপস্থিতিতে প্রায় 200°C তাপমাত্রায় ডেক্রোন প্রস্তুত করা হয়। ডেক্রোনের আরও উল্লেখযোগ্য ব্যবহার হলো: সোয়েটার, মোজা, সাটিং কাপড়, শাড়ি ইত্যাদি

**73. Pick up the correct sentence from the followings-**

A. Wait until I do not return.
B. He is the most best boy in the class.
C. Try heart and soul.
D. I do not know nothing

**Solve** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ Try heart and soul.

**74. কোনটি মানবদেহের রক্ত জমাট বাঁধার কাজে সহযোগিতা করে না?**

A. ফাইব্রিনোজেন B. প্রোথ্রম্বিন
C. থ্রম্বোপ্লাস্টিন D. ইওসিনোফিল

**Solve** ইওসিনোফিল মানবদেহের রক্ত জমাট বাঁধার কাজে সহযোগীতা করে না

**Note : রক্ত জমাট বাঁধা সম্পর্কিত কিছু তথ্যঃ [আজমল+আলীম]**

→ মানুষের রক্ত জমাট বাঁধার স্বাভাবিক সময় ৪-৫ মিনিট
→ জমাটবদ্ধ রক্তের হলুদ বর্ণের তরল জলীয় অংশকে সিরাম বলে ; এতে কোনো ফাইব্রিনোজেন থাকে না
→ রক্ত জমাট বাঁধার উপাদান ১৩টি
→ যে ৪টি উপাদান ছাড়া রক্ত জমাট বাঁধতে পারে নাঃ
i. ফাইব্রিনোজেন
ii. প্রোথ্রম্বিন
iii. থ্রম্বোপ্লাস্টিন
iv. ক্যালসিয়াম আয়ন
→ রক্ত জমাট না বাঁধার কারণঃ
i. হেপারিনের উপস্থিতি
ii. রক্ত চলাচলের দ্রুত গতি
iii. রক্তনালীর অভ্যন্তর গাত্রের মসৃণতা
→ রক্ত জমাট না বাঁধাকে হিমোফিলিয়া বলে
→ রক্ত জমাট বাঁধার ১৩টি ফ্যাক্টর বা উপাদানঃ

| | | |
|---|---|---|
| Factor I | - | Fibrinogen |
| Factor II | - | Prothrombin |
| Factor III | - | Thromboplastin |
| Factor IV | - | Calcium ion |
| Factor V | - | Proaccelerin |
| Factor VI | - | Does not exist |
| Factor VII | - | Proconvertin |
| Factor VIII | - | Antihaemophilic factor A |
| Factor IX | - | Chrismas factor |
| Factor X | - | Antihaemophilic factor B |
| Factor XI | - | Antihaemophilic factor C |
| Factor XII | - | Hageman factor |
| Factor XIII | - | Fibrin stabilising factor |

→ ফ্যাক্টর XIII ফাইব্রিন জালক সৃষ্টিতে ভূমিকা রাখে

**75. এক মোল ইলেকট্রনের মোট চার্জ কত?**

A. 96288 B. 94388
C. 96566 D. 96473

**Solve** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ 96473

**76. বাংলাদেশের বর্তমান সংসদ কত তম?**

A. সপ্তম সংসদ
B. অষ্টম সংসদ
C. নবম সংসদ
D. দশম সংসদ

**Solve:** বাংলাদেশের বর্তমান সংসদ হচ্ছে ১০তম সংসদ। উল্লেখ্য যে, এটি পরিবতনশীল প্রশ্ন।

**77. বিশ্বব্যাপী রক্তশূন্যতার প্রধানতম কারণ কি?**

A. ভিটামিন সি ঘাটতিজনিত
B. লৌহ ঘাটতিজনিত
C. জন্মগত রক্তশূন্যতা
D. ভিটামিন বি-১২ ঘাটতিজনিত

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ লৌহ ঘাটতিজনিত।

**78. বড় পুকুরিয়া কয়লা খনির ক্যালরিক মান কত?**

A. 11,000 BTU/Ib
B. 11,040 BTU/Ib
C. 17,000 BTU/Ib
D. 15,000 BTU/Ib

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ 11,040 BTU/Ib. উল্লেখ্য যে, দীঘিপাড়া কয়লা খনির কয়লার মান সবচেয়ে ভালো এবং ক্যালরিফিক মান 12116BTU/Ib.

**79. কোন বর্তনীর অজানা রোধ নির্ণয়ে কোন যন্ত্রটি ব্যবহৃত হয়?**

A. পোস্টঅফিস বক্স
B. মিটার ব্রীজ
C. পোটেনশিওমিটার
D. ক্যালকুলেটর

**Solve:** নিচের ব্যাখ্যাটি লক্ষ্য করঃ

→ বর্তনীর অজানা রোধ নির্ণয়ে ব্যবহৃত হয়- পোস্টঅফিস বক্স।
→ তারের উপাদানের আপেক্ষিক রোধ নির্ণয়ে ব্যবহৃত হয়-মিটার ব্রীজ।
→ দুটি কোষের তড়িচ্চালক শক্তির তুলনা করতে ব্যবহৃত হয় -পোটেনশিওমিটার

**80. 'I have hardly any money' বাক্যটির সঠিক বাংলা অনুবাদ-**

A. আমার কোন টাকা নেই বললেই চলে।
B. আমার কিছু টাকা আছে।
C. আমার কোন টাকা নেই।
D. আমার কষ্টার্জিত টাকা আছে।

**Solve:** সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ আমার কোন টাকা নেই বললেই চলে। কেননা hardly মানে কোনো কিছু নেই বললেই চলে এমন মনোভাব প্রকাশ করে।

**81. AB ব্লাড গ্রুপের দাতা কোন গ্রুপকে রক্ত দিতে পারবে?**

A. O গ্রুপ
B. B গ্রুপ
C. AB গ্রুপ
D. A গ্রুপ

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ AB গ্রুপ।


**82. ন্যানো কণার আকৃতি হলো-**

A. 1 - 10 nm
B. 1 - 50 nm
C. 1 - 100 nm
D. 1 - 200 nm

**Solve:** ন্যানো কণার আকৃতি হলো 1 - 100 nm.

**Note :** জেনে নাও ন্যানো কণা সম্পর্কিত কিছু তথ্যঃ [হাজারী]

◆ ন্যানো পার্টিক্যালের প্রকারভেদঃ




◆ কয়েকটি পরমাণু ও অণুর আকারঃ

| অণুর নাম | আকার (nm) | পরমাণুর নাম | আকার (nm) |
|---|---|---|---|
| পানি | 0.2 | কার্বন | 0.16 |
| গ্লুকোজ | 0.6 | সালফার | 0.2 |
| সাধারণ ছোট প্রোটিন | 5-10 | সিলভার | 0.28 |
| ফুলারিন | 1 | | |

**83. দোলক ঘড়ির ক্ষেত্রে গ্রীষ্মকালের জন্য সঠিক কোনটি?**

A. তারের দৈর্ঘ্য কমে যায়
B. ঘড়ি দ্রুত চলে
C. ঘড়ি ধীরে চলে
D. দোলন কাল অপরিবর্তিত থাকে

**Solve:** দোলনকালের সূত্র থেকে আমরা জানি, $T \propto \sqrt{L}$; অর্থাৎ তারের দৈর্ঘ্য বৃদ্ধি পেলে দোলনকাল বাড়বে। যেহেতু গ্রীষ্মকালে তাপমাত্রা বৃদ্ধি পায়, তাই তারের দৈর্ঘ্যও বৃদ্ধি পায়; যার দরুণ দোলনকালও বৃদ্ধি পায়। আর তাই গ্রীষ্মকালে ঘড়ি ধীরে চলে। অপরদিকে শীতকালে এর বিপরীত ঘটনা ঘটে।

**84. স্বাধীন দেশ হিসেবে বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয় কোন দেশ?**

A. ভারত B. ভুটান
C. রাশিয়া D. জাপান

**Solve:** স্বাধীন দেশ হিসেবে প্রথম ভুটান বাংলাদেশকে স্বীকৃতি দেয়। বি:দ্র:এটি একটি বিতর্কিত তথ্য। তবে প্রশ্নে ভুটান ও ভারত একই সাথে থাকলে উত্তর ভুটান হবে এবং অপশনে ভুটান না থাকলে উত্তর ভারত হবে।

**Note :** বাংলাদেশকে স্বীকৃতিদানকারী বিভিন্ন দেশঃ

- প্রথম দেশ– ভুটান (৬ ডিসেম্বর, ১৯৭১)
- দ্বিতীয় দেশ– ভারত (৬ ডিসেম্বর, ১৯৭১)
- প্রথম আরব দেশ– ইরাক (৮ জুলাই, ১৯৭২)
- প্রথম অ-আরব মুসলিম দেশ– মালয়েশিয়া (২৫ ফেব্রুয়ারি, ১৯৭২)
- প্রথম মধ্যপ্রাচ্যের দেশ– ইরাক (৮ জুলাই, ১৯৭২)
- প্রথম ইউরোপীয় দেশ– পোল্যান্ড ও বুলগেরিয়া (১২ জানুয়ারি, ১৯৭২)
- প্রথম আফ্রিকার দেশ– সেনেগাল (১ ফেব্রুয়ারি, ১৯৭২)
- প্রথম আমেরিকার দেশ– কানাডা (১৪ ফেব্রুয়ারি, ১৯৭২)
- প্রথম সমাজতান্ত্রিক দেশ– পোল্যান্ড (১২ জানুয়ারি, ১৯৭২)
- ■ উল্লেখ্য যে, যুক্তরাষ্ট্র ও চীন বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিরোধী ছিল

**85. উদ্ভিদের প্রধান ডাইস্যাকারাইড হলো-**

A. ম্যালটোজ
B. ম্যানোজ
C. ল্যাকটোজ
D. সুক্রোজ

**Solve:** সুক্রোজ হচ্ছে উদ্ভিদের প্রধান ডাইস্যাকারাইড।

**86. সেলুলোজে কোন বন্ধনটি বিদ্যমান?**

A. α- গ্লাইকোসাইডিক
B. β- গ্লাইকোসাইডিক
C. হাইড্রোজেন
D. পেপটাইড

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ β- গ্লাইকোসাইডিক।

**Note :** নিচের পার্থক্যটি লক্ষ্য করঃ [হাসান]

| পার্থক্যের বিষয় | স্টার্চ | সেলুলোজ |
|---|---|---|
| গ্লাইকোসাইডিক বন্ধন | স্টার্চ অণুতে প্রায় 1,200 থেকে 6,000 গ্লুকোজ একক α- গ্লাইকোসাইডিক বন্ধন দ্বারা যুক্ত থাকে। | সেলুলোজে প্রায় 300 থেকে 3,000 গ্লুকোজ একক α- গ্লাইকোসাইডিক বন্ধন দ্বারা যুক্ত থাকে। |
| পলিমারের গঠন | স্টার্চ অণু শাখান্বিত গ্লুকোজ পলিমার। | সেলুলোজ অণু অশাখান্বিত অর্থাৎ সরল শিকল পলিমার। |
| সঞ্চিত খাদ্য | উদ্ভিদদেহে এটি সঞ্চিত খাদ্য হিসেবে থাকে। | উদ্ভিদদেহে এটি গাঠনিক উপাদান হিসেবে থাকে। |
| বর্ণ | আয়োডিনের সাথে বিক্রিয়া করে নীল বর্ণ প্রদান করে। | আয়োডিনের সাথে বিক্রিয়া করে কোনো বর্ণ প্রদান করে না। |
| হজম | এটি গরু-ছাগল ও মানুষ হজম করতে পারে। | এটি গরু-ছাগল হজম করতে পারলেও মানুষ পারে না। |

**87. কোন বস্তুকে যেভাবেই রাখা হোক না কেন তার ওজন একটি বিন্দুর মধ্য দিয়ে বস্তুর উপর সর্বদা ক্রিয়া করে। এই বিন্দুকে বলে-**

A. অভিকর্ষ কেন্দ্র
B. ভরকেন্দ্র
C. মহাকর্ষীয় ধ্রুবক
D. অভিকর্ষক ত্বরণ

**Solve:** সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ অভিকর্ষ কেন্দ্র।

**88. Antonym for 'aware' is-**

A. harmony
B. kindliness
C. ignorant
D. retain

**Solve:** Aware শব্দটির অর্থ সচেতন; সুতরাং সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ ignorant; যার অর্থ অজ্ঞ।

**89. বাংলাদেশের ময়মনসিংহ জেলা 'কালসিন্দুর' গ্রামটি কিসের জন্য বিখ্যাত?**

A. জামদানী শাড়ি উৎপাদন কেন্দ্র
B. পর্যটন কেন্দ্র
C. অনূর্ধ্ব ষোল মহিলা ফুটবল দল
D. চা বাগান

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ অনূর্ধ্ব ষোল মহিলা ফুটবল দল।

**90. প্রান্তস্পর্শী এস্টিভেশন বা পুষ্পপত্র বিন্যাসের উদাহরণ কোনটি?**

A. বাবলা　　B. গন্ধরাজ
C. জবা　　D. মটরশুটি

**Solve:** সঠিক উত্তর অপশন 'A' অর্থাৎ বাবলা।

**91. দুধ থেকে ছানা পাওয়ার প্রক্রিয়া হলো-**

A. আর্দ্র বিশ্লেষণ
B. ফারমেন্টেশন
C. কোয়াগুলেশন
D. অক্সিডেশন

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ কোয়াগুলেশন। উল্লেখ্য যে, দুধের কোলয়েড কণা ল্যাকটিক এসিডের উপস্থিতিতে কোয়াগুলেশনের মাধ্যমে ছানায় পরিণত হয়।

**92. মানুষের কান সবচেয়ে মৃদু যে শব্দ শুনতে পায়, তার তীব্রতা কত?**

A. $10^{-6}$ $Wm^{-2}$
B. $10^{-8}$ $Wm^{-2}$
C. $10^{-12}$ $Wm^{-2}$
D. $10^{-10}$ $Wm^{-2}$

**Solve:** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ $10^{-12}$ $Wm^{-2}$

**93. 'He had gone away before I came'. Here the word 'before' is a-**

A. adverb
B. conjunction
C. preposition
D. adjective

**Solve:** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ conjunction.

**94. প্রোটিন পরিপাককারী এনজাইম নয় কোনটি?**

A. ট্রিপসিন
B. অ্যামাইনোপেপটাইডেজ
C. কাইমোট্রিপসিন
D. অ্যামাইলেজ

**Solve:** সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ অ্যামাইলেজ।

**95. নীচের কোনটি সাধারণ অবস্থায় তরল?**

A. $F_2$　　B. $Cl_2$
C. $Br_2$　　D. $I_2$

**Solve:** সাধারণ অবস্থায় $F_2$ → গ্যাস, $Cl_2$ → গ্যাস, $Br_2$ → তরল এবং $I_2$ → কঠিন

**96. পারদ ও কাঁচের মধ্যবর্তী স্পর্শ কোণ কত?**

A. 104°　　B. 14°
C. 140°　　D. 40°

**Solve:** নিচের ব্যাখ্যা লক্ষ্য করঃ

→ পানি ও কাঁচের মধ্যবর্তী স্পর্শ কোণ 4° প্রায়।
→ রূপা ও পানির মধ্যবর্তী স্পর্শ কোণ 90° প্রায়।
→ পারদ ও কাঁচের মধ্যবর্তী স্পর্শ কোণ 140° প্রায়।

**97. Synonym for the word 'accuracy' is-**

A. authenticity　　B. reality
C. perfection　　D. precision

**Solve:** Accuracy শব্দটির অর্থ যথার্থতা;সুতরাং সঠিক উত্তর অপশন 'D' অর্থাৎ precision; যার অর্থও যথার্থতা।

**98. 'জোছনা ও জননীর গল্প' উপন্যাসটির রচয়িতা কে?**

A. সৈয়দ শামসুল হক
B. মুহম্মদ জাফর ইকবাল
C. হুমায়ূন আহমেদ
D. মুনতাসীর মামুন

**Solve** সঠিক উত্তর অপশন 'C' অর্থাৎ হুমায়ূন আহমেদ।

**Note :** বাংলা সাহিত্যে উল্লেখযোগ্য কিছু উপন্যাস ও রচিয়তাঃ

| রচয়িতা | উপন্যাস |
|---|---|
| আবুল ফজল | সাহসিকা, চৌচির |
| আলাউদ্দিন আল আজাদ | ক্ষুধা ও আশা, কর্ণফুলী, শীতের শেষ রাত |
| আবু ইসহাক | সূর্য দীঘল বাড়ি |
| গোলাম মোস্তফা | ভাঙ্গা বুক, রূপের নেশা |
| জহির রায়হান | হাজার বছর ধরে, শেষ বিকেলের মেয়ে, আরেক ফাল্গুন, আর কতদিন, তৃষ্ণা |
| ড. নীলিমা ইব্রাহীম | পথপ্রান্ত, দুয়ে দুয়ে চার |
| দীনেশ চন্দ্র সেন | বেহুলা |
| প্যারিচাঁদ মিত্র | আলালের ঘরের দুলাল |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | মৃণালিনী, বিষবৃক্ষ, চন্দ্রশেখর, আনন্দ মাঠ, সীতারাম |
| বেগম রোকেয়া | পদ্মরাগ |
| বিভুতিভূষণ বন্দ্যোপাধ্যায় | অপরাজিতা |
| মীর মশাররফ হোসেন | বিষাদ সিন্ধু, রত্নাবলি, উদাসীন |
| মানিক বন্দ্যোপাধ্যায় | পদ্মা নদীর মাঝি, জননী, শহরতলী |
| শহীদুল্লাহ কায়সার | সংসপ্তক |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | দেবদাস, দত্তা, শেষ প্রশ্ন, শেষের পরিচয়, দেনা-পাওনা |
| শওকত ওসমান | জননী |
| সৈয়দ ওয়ালীউল্লাহ | লাল সালু |
| সিকান্দার আবু জাফর | নতুন সকাল |

**99. $Zn^{2+}$ নিশ্চিতকরণের বিকারকের নাম কী?**

A. পটাসিয়াম ফেরিসায়াইনাইড
B. পটাসিয়াম ফেরোসায়ানাইড
C. পটাসিয়াম ক্রোমেট
D.পটাসিয়াম পাইরো অ্যান্টিমোনেট

**Solve** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ পটাসিয়াম ফেরোসায়ানাইড।

**Note :** Visit MBBS 2016-2017 সেশনের ২ নং প্রশ্নের ব্যাখ্যা।

**100. গনোরিয়া রোগের জীবাণু একটি-**

A. ভাইরাস
B. ব্যাকটেরিয়া
C. ফাংগাস
D. প্যারাসাইট

**Solve** সঠিক উত্তর অপশন 'B' অর্থাৎ ব্যাকটেরিয়া।

**Note :** কয়েকটি যৌনবাহিত রোগ ও কারণঃ

| যৌনবাহিত রোগ | | দায়ী ব্যাকটেরিয়া/ভাইরাস |
|---|---|---|
| সিফিলিস | ----- | Treponema pallidum ব্যাকটেরিয়া |
| গনোরিয়া | ----- | Neisseria gonorrhoeae ব্যাকটেরিয়া |
| এইডস | ----- | HIV ভাইরাস |

"ভর্তি পরীক্ষার পূর্ণ প্রস্তুতির জন্য টেক্সট বইয়ের বিকল্প কোনো কিছুই নয়।"

+

দি মেডিসিন

...............

রুখবে তোমায় কে???

ANSWER : BDS ADMISSION TEST : 2016-2017

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1. C | 2.B | 3.D | 4.Blank | 5.B | 6.C | 7.D | 8.C | 9.C | 10.D |
| 11.A | 12.D | 13.B | 14.B | 15.D | 16.C | 17.A | 18.B | 19.B | 20.B |
| 21.C | 22.B | 23.B | 24.B | 25.B | 26.B | 27.B | 28.A | 29.C | 30.D |
| 31.C | 32.C | 33.C | 34.D | 35.C | 36.B | 37.B | 38.C | 39.A | 40.D |
| 41.C | 42.D | 43.A | 44.A | 45.C | 46.A | 47.C | 48.B | 49.D | 50.D |
| 51.B | 52.D | 53.A | 54.A | 55.A | 56.B | 57.A | 58.C | 59.C | 60.C |
| 61.A | 62.D | 63.C | 64.D | 65.C | 66.C | 67.C | 68.B | 69.B | 70.B |
| 71.B | 72.C | 73.C | 74.D | 75.D | 76.D | 77.B | 78.B | 79.A | 80.A |
| 81.C | 82.C | 83.C | 84.B | 85.D | 86.B | 87.A | 88.C | 89.C | 90.A |
| 91.C | 92.C | 93.B | 94.D | 95.C | 96.C | 97.D | 98.C | 99.B | 100.B |